

ধর্ষকদের শাস্তির দাবিতে ঢাবিতে মশাল মিছিল

অনলাইন
প্রতিবেদক

০৯ মার্চ, ২০২৫
২৩:৪৪

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

দেশব্যাপী ধর্ষণ ও নারী নিপীড়নের ঘটনার সূষ্ঠু তদন্ত ও ধর্ষকদের দৃষ্টান্তমূলক সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ডের দাবি জানিয়ে মশাল মিছিল করেছে ধর্ষণবিরোধী মঞ্চ।

রবিবার (৯ মার্চ) রাত ৮টার দিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) রাজু ভাস্কর্যের পাদদেশ থেকে মিছিলটি শুরু হয়ে বিশ্ববিদ্যালয়ের গুরুত্বপূর্ণ স্থানগুলো প্রদক্ষিণ করে সংক্ষিপ্ত সমাবেশ করে।

মিছিলে ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা মেডিক্যাল কলেজ, ইডেন মহিলা কলেজ, বদরুল্লাহ সাহা মহিলা কলেজসহ রাজধানীর বিভিন্ন প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন।

সমাবেশ থেকে শিক্ষার্থীরা ধর্ষকদের বিরুদ্ধে শাস্তির আশ্বাস না বরং শাস্তি কার্যকরের দাবি জানান।

শাস্তি কার্যকর হওয়ার আগ পর্যন্ত রাজপথ না ছাড়ার অঙ্গীকার করেন নারী শিক্ষার্থীরা।

এ সময় শিক্ষার্থীরা “উই ওয়ান্ট জাস্টিস, জাস্টিস জাস্টিস”, “উই ওয়ান্ট জাস্টিস, হ্যাংক দ্য র্যাপিস্ট”, “আমার সোনার বাংলায়, ধর্ষকদের ঠাই নাই”, “রশি লাগলে রশি নে, ধর্ষকদের ফাঁসি দে”, “জাহাঙ্গীর করে কি? খায় দায় ঘুমায়ে নাকি?” এমন স্লোগান দিতে থাকেন।

সমাবেশ থেকে নারী শিক্ষার্থীরা বলেন, নারীকে নারী হিসেবে না, মানুষ হিসেবে ভাবুন। আমরা ভয়ে থাকি কখন কে আমাদের শরীরে তার কালো হাত দেয়।

আমরা নিরাপত্তা চাই। আমরা চাই না বাইরে বের হলেই আমাদের ওপর কেউ লোলুপ দৃষ্টিতে তাকিয়ে থাকুক।
ধর্মকদের এমন শাস্তি চাই যা দেখে অন্যদের এই কাজ করতে বারবার ভাবতে হয়। যতদিন এদের বিচার না হবে
আমরা রাজপথ ছাড়ব না।

প্রয়োজনে আমরা স্বরাষ্ট্র উপদেষ্টার বাসভবনে গিয়ে তাকে পদত্যাগে বাধ্য করব।